

ভিডিইউ নিয়ে কাজ করলে আমি কি চক্ষু পরীক্ষার সুবিধা পাবার অধিকারী?)

Am I entitled to an eyesight test if I work on a VDU?

VDU নিয়ে কাজ যে বিধির আওতাধীন তাহলো Health and Safety (Display Screen Equipment) Regulations 1992-এর রেগুলেশন ৫ দৃষ্টিশক্তি পরীক্ষার ব্যবস্থা করতে নিয়োগকারীদের দায়িত্ব বিধান করে, যাতে বলা হয়েছে:

যখন কোনো ব্যক্তি-

- এই বিধিমালা প্রযোজ্য হবার তারিখে ইতিমধ্যেই একজন ব্যবহারকারী ছিলেন; অথবা
- এমন একজন কর্মচারী যিনি তার স্বাভাবিক কাজের এক উল্লেখযোগ্য অংশ হিসাবে অভ্যাসগতভাবে ডিসপ্লে স্ক্রীন ইকুইপমেন্ট ব্যবহার করেন না কিন্তু তিনি যে প্রতিষ্ঠানে ইতিমধ্যেই নিযুক্ত সেখানে এর ব্যবহারকারী হতে যাচ্ছেন,

তখন তাঁর নিয়োগকর্তাকে ঐ কর্মচারীর অনুরোধে তাঁকে যথাযথ চোখ ও দৃষ্টিশক্তি পরীক্ষার সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে। এই টেস্ট একজন যথার্থ দক্ষ ব্যক্তি দ্বারা করাতে হবে।

নির্দেশনায় উল্লেখ করা হয়েছে:

অনুরোধ করা হলে নিয়োগকর্তার কর্তব্য হলো নিম্নোক্তদের যথাযথ চোখ ও দৃষ্টি শক্তি পরীক্ষা করানো নিশ্চিত করা:

- তাদের যেসব কর্মচারী বিধিমালা প্রযোজ্য হবার সময় ইতিমধ্যে ব্যবহারকারী ছিলেন;
- এবং (এরপর) তাদের যে কোনো কর্মচারী যিনি ব্যবহারকারী নন, তবে ব্যবহারকারী হতে যাচ্ছেন।

এই বিধি নিয়োগকারীদেরকে তাঁদের নিযুক্ত কর্মচারী নন এমন কাউকে চক্ষু ও দৃষ্টিশক্তি পরীক্ষার সুবিধা দেয়ার দায়িত্ব প্রদান করে নি, যেমন, চাকুরীর জন্য দরখাস্তকারী। তবে, যখন কাউকে চাকুরীতে নিয়োজিত করা হয়েছে এবং তাঁকে ডিসপ্লে স্ক্রীন যন্ত্রপাতি নিয়ে এমনভাবে কাজ করতে হবে যাতে তিনি একজন ব্যবহারকারীতে পরিণত হবেন, সেক্ষেত্রে রেগুলেশন 5(1)(b) প্রযোজ্য হবে। অতএব, একজন নতুন চাকুরীতে নিয়োজিত এধরণের কর্মী পূর্বে থেকেই অন্য কোনো প্রতিষ্ঠানের চাকুরীতে এর ব্যবহারকারী থাকুন বা না থাকুন, তিনি যদি অনুরোধ করেন, তাহলে তাদের নতুন নিয়োগকর্তাকে যথাযথ চক্ষু ও দৃষ্টিশক্তি পরীক্ষার ব্যবস্থা করতে হবে। রেগুলেশন 5(1)(b) অনুযায়ী, নতুন কর্মী ব্যবহারকারী হবার আগেই এই টেস্ট করানো উচিত। এদ্বারা এটা বোঝায়না যে কোনো ডিসপ্লে স্ক্রীন কাজ করার পূর্বেই নতুন কর্মচারীকে পরীক্ষা করাতে হবে, কিন্তু তাদের স্বাভাবিক কাজের উল্লেখযোগ্য অংশ হিসাবে বিবেচিত হবার মত যথেষ্ট ডিসপ্লে স্ক্রীনের কাজ করার পূর্বেই তাদের টেস্ট (যদি তাঁরা এরজন্য অনুরোধ করেন) করাতে হবে।

সূত্র

L26, Display screen equipment work, (ISBN 0717625826 - HSE Books-এ পাওয়া যাবে)

Working with VDU's' - ফ্রি তথ্যপত্র।